দৈনিক জনকণ্ঠ 13

~~দৈনিক ইত্তেফাক~~

তারিখ ... OCT 23 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

# আজ থেকে সারা দেশে শিক্ষা জরিপ

স্টাফ রিপোর্টার ॥ আজ শনিবার সারা দেশে পক্ষকালব্যাপী জাতীয় শিক্ষা জরিপ শুরু হচ্ছে। এতে প্রাথমিক স্তর পরবর্তী পর্যায়ের সকল শ্রেণী ও ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক তথ্য ও পরিসংখ্যান সংগৃহীত হবে।

প্রাথমিক স্তরের উচ্চ পর্যায়ের জরিপ দেশে এই প্রথমবারের মতো হতে যাচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ইউএনডিপি'র অর্থানুকূল্যে পরিচালিত হচ্ছে এই জরিপ কার্যক্রম। এটি বাস্তবায়িত হচ্ছে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর উদ্যোগে। এই প্রকল্পের মেয়াদ দু'বছরের। মোট বাজেট এক কোটি ৭৭ লাখ ৭৫ হাজার টাকা।

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## আজ থেকে সারা

(প্রথম পাতার পর)

এই জরিপ কাজ সম্পাদনের জন্য সরকারী স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মোট ২৪০০ গণনাকারী এবং ৪৮০ সুপারভাইজারকে নিয়োগ দেয়া হয়েছে। এবারই প্রথমবারের মতো সরকারী বিদ্যালয়ের সহকারী শিক্ষক, সরকারী কলেজের প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মণ্ডলীকে জরিপের গণনা ও তত্ত্বাবধানের কাজে সম্পৃক্ত করা হলো। আগেকার জরিপ কাজগুলো সম্পাদিত হয়েছে ছাত্রছাত্রীদের দ্বারা।

শনিবার জাতীয় শিক্ষা জরিপ (পোস্ট প্রাইমারী) '৯৯-এর তথ্য সংগ্রহকারী কর্মকর্তা ও সুপারভাইজিং কর্মকর্তাদের দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মসূচী ব্যানবেইসে অনুষ্ঠিত হয়। শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন আহমদ ওরিয়েন্টেশন কর্মসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ব্যানবেইসের পরিচালক প্রফেসর মুহম্মদ শফিউল আলম।